R. N. No. 2532/57 Phone : 66228 (Press), 67228 (Resi.)/STD 03483 Regd. No.—WB/MSD- 4

**A Great News to all !**
Introducing shortly a complete range of industry oriented **Computer Courses** for beginers and professional in the heart of Raghunathganj.
For Details Contact at
**HAQUE PHARMACY**
Raghunathganj, Garighat
Ph. 03483 ( 66295 )

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত **শরৎচন্দ্র পণ্ডিত** ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক অনুমোদিত )
ফোন : ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৬শ বর্ষ
৩০শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ৬ই পৌষ, বুধবার, ১৪০৬ সাল।
২২শে ডিসেম্বর, ১৯৯৯ সাল।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## ট্যাক্স না বাড়িয়ে পুরসভার বর্তমান পরিষেবা দেওয়া অসম্ভব—পুরপতি

বিশেষ প্রতিবেদক : ট্যাক্স না বাড়িয়ে পুর এলাকায় বর্তমানের আর পরিষেবা দেওয়া যাবে না—একথা সাফ জানিয়ে দিলেন পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য গত ১৬ ডিসেম্বর রঘুনাথগঞ্জ সদরঘাটে বর্দ্ধিত করের নাগরিক কনভেনশনে। নতুন নির্মাণ কাজেই সরকার পুরসভাকে একমাত্র আর্থিক সাহায্য দেয়। পুরসভা সচল রাখতে ও বিভিন্ন রক্ষণাবেক্ষণ কাজে পুরসভাকে নিজের অর্থ খরচ করতে হয়। আগামী আর্থিক বছরে ( শেষ পৃষ্ঠায় )

## এস এফ আইকে শোচনীয় পরাস্ত করে সংসদের দখল নিল ছাত্র পরিষদ জোট

নিজস্ব সংবাদদাতা : ছাত্র পরিষদের জোটের কাছে জঙ্গিপুর কলেজ ছাত্র সংসদ নির্বাচনে শোচনীয়ভাবে পরাজিত হল এস এফ আই ও পি এস ইউ জোট। সর্বমোট ৪৫টি আসনের মধ্যে বামপন্থী ছাত্র জোটের দখলে এস এফ আই ৯ এবং পি এস ইউ ৩ মাত্র ১২টি আসন। বাকী ৩৩টির মধ্যে ছাত্র পরিষদের কংগ্রেস সমর্থিত প্রার্থীরা ২৩টি ও তৃণমূল কংগ্রেসের প্রার্থীরা ১০টি আসন দখল করে। তাদের জোটসঙ্গী ( শেষ পৃষ্ঠায় )

## মহকুমার উন্নয়নের দাবীতে সরব কংগ্রেসী বিধায়করা কেন্দ্রের দ্বারস্থ

নিজস্ব সংবাদদাতা : সম্প্রতি মহকুমার চার কংগ্রেসী বিধায়ক মহঃ সোহরাব, হবিবুর রহমান, হুমায়ুন রেজা ও মইনুল হক মহকুমার রেল পরিষেবা ও গঙ্গা পদ্মার ভাঙ্গন প্রতিরোধ, সুতীর বিস্তীর্ণ জলমগ্ন প্রান্তরের পুনরুদ্ধার ও ফিডার ক্যানেলের উপর ন'টি সেতু নির্মাণের দাবী নিয়ে সংশ্লিষ্ট দপ্তরের কেন্দ্রীয় মন্ত্রীদের কাছে স্মারকলিপি দিয়েছেন। রেলমন্ত্রীর কাছে পেশ করা ১৭ দফা দাবীর মধ্যে বিশেষ গুরুত্বপূর্ণ প্রতিদিন ফারাক্কা থেকে কলকাতা যাবার ও ফিরে আসার জন্য দিনের বেলায় ট্রেন, দিনের বেলায় মালদা যাবার জন্য আজিমগঞ্জ থেকে দৈনিক ট্রেন, বিহার ও দিল্লী থেকে কাটোয়া—আজিমগঞ্জ পর্যন্ত ট্রেন, গণদেবতা এক্সপ্রেসকে মালদা পর্যন্ত সম্প্রসারিত করা, নসিপুর— আজিমগঞ্জ-এর মধ্যে সেতু বানিয়ে শিয়ালদহ ও হাওড়া শাখার মধ্যে সংযোগ স্থাপন, ব্যান্ডেল থেকে ফারাক্কা ডবল লাইন করা, কান্দি বহরমপুর হয়ে সাঁইথিয়া থেকে করিমপুরের মধ্যে রেল যোগাযোগ, লালগোলা, জঙ্গিপুর রোড, নিমতিতা, ধুলিয়ানসহ সমস্ত ষ্টেশনের সংস্কার, হাটেবাজারে এক্সপ্রেস, তিস্তা তোর্সা, কামরূপ এক্সপ্রেস এবং ফারাক্কা এক্সপ্রেসের আসন সংরক্ষণের ক্ষেত্রে কোটা বৃদ্ধি, মালদা টাউনে স্লিপার ক্লাসের একটি বগি ও গৌড় এক্সপ্রেসে একটি এ, সি বগি সংযোজন, ফারাক্কাতে অবিলম্বে কম্পিউটার চালিত আসন সংরক্ষণ কাউন্টার চালু এবং জঙ্গিপুর রোড ষ্টেশনের কাছে নির্মীয়মান ভাগীরথী সেতুর পরিপ্রেক্ষিতে একটি ওভারব্রিজ নির্মাণ। ( ৩ পৃষ্ঠায় )

## দুটি অস্বাভাবিক মৃত্যুকে ঘিরে শহরে চাপা গুঞ্জন

### অগ্নিদগ্ধ হয়ে ব্যবসায়ীর মৃত্যু

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ শহরের পুলিশ ফাঁড়ি ও ফুড গোডাউনের মাঝামাঝি এক নতুন পল্লীতে অগ্নিদগ্ধ হয়ে ২১ ডিসেম্বর রাতে সাধন সিনহা (৪৩) নামে এক পাইকারী কয়লা ব্যবসায়ীর রহস্যজনক মৃত্যু হয়। ২২ ডিসেম্বর সকাল ৬ টায় প্রতিবেশীর ফোন পেয়ে পুলিশ ঘটনাস্থলে আসে সকাল ৮-৩০ নাগাদ। (শেষ পৃষ্ঠায়)

### বিচারাধীন কয়েদীর রহস্যজনক মৃত্যু

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর সাবজেলে আটক রঘুনাথগঞ্জ থানা থেকে পাঠানো চুরি রাহাজানি কেসের বিচারাধীন কয়েদী অশোক মন্ডলের রহস্যজনক মৃত্যুতে শহরে চাঞ্চল্য দেখা দেয়। খবরে প্রকাশ, গত ২২ ডিসেম্বর সকালে সাবজেলের ভিতরেই নাকি অশোক মন্ডলের মৃত্যু হবার পর জেল পুলিশ অত্যন্ত তৎপরতার সাথে তাকে অসুস্থ বলে জঙ্গিপুর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত ডাক্তার তাকে ভর্তি করতে অসম্মত হন। ( শেষ পৃষ্ঠায় )

## পুর নির্বাচনে ওয়ার্ডভিত্তিক সংরক্ষণ

নিজস্ব সংবাদদাতা : মে '2000 সালে রাজ্যের অধিকাংশ পুরসভাগুলির সঙ্গে নির্বাচন হবে জঙ্গিপুর পুরসভায়। এখন জঙ্গিপুর পুরসভার ২০টি আসনের মধ্যে সিপিএমের দখলে ৯টি, কংগ্রেসের ৬টি, আরএসপির ১টি, ফঃ ব্লকের ১টি, সিপিআই ১, এসইউসিআই ১টি ও বামফ্রন্ট সমর্থিত নির্দল ১। বর্তমানে সংরক্ষণ কোটা অনুযায়ী ১১টি আসন সাধারণের জন্য ( ৩ পৃষ্ঠায় )

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।'
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর পি পি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৬ই পৌষ বুধবার, ১৪৭৬ সাল।

## ॥ উপায় কোথায় ? ॥

রঘুনাথগঞ্জ জঙ্গিপুর শহরে প্রচুর টেলিফোন সংযোগ করা হইয়াছে ও হইতেছে। টেলিফোনের গ্রাহক যতই বাড়িয়া যাইতেছে, তদনুপাতে গ্রাহক পরিষেবা সন্তোষজনক হয় না বলিয়া সংবাদ পাওয়া যাইতেছে। খবরে জানা যায় যে, কর্মীর অভাবে নাকি কাজ ঠিকমত হইতেছে না। গ্রামেগঞ্জেও যথেষ্ট পরিমাণে টেলিফোন সংযোগ হইয়াছে ও হইতেছে। জেলা অফিসের বিলিং সিষ্টেমের জন্য এখানকার মানুষ নাকি নাজেহাল হইতেছেন বলিয়া শুনা যাইতেছে।

রঘুনাথগঞ্জ টেলি দপ্তরে প্রায় ছয় শত গ্রাহকের বিল বাকি পড়িয়াছে বলিয়া লিষ্ট আসিয়াছে, শুনা যাইতেছে। এখানকার স্থানীয় অফিস হইতে প্রায় পাঁচ শত টেলি গ্রাহককে তলব করিয়া তাঁহাদের ৫/৭ বৎসরের পুরাতন বিল চেক করা হইয়াছে এবং তবেই উক্ত গ্রাহকেরা রেহাই পাইয়াছেন। অনেক গ্রাহক এখনও সমস্যার মধ্যে রহিয়াছেন। আবার অনেকে বহু পুরাতন বিল ঠিকমত দেখাইতে পারেন নাই বলিয়া তাঁহাদের টেলি সংযোগ কাটিয়া দেওয়া হইয়াছে। যাঁহারা ডিফল্টার, তাহাদের নিকট কোনও নোটিশ যায় নাই বলিয়াও খবর পাওয়া গিয়াছে। জনৈক টেলিগ্রাহককে তাঁহার দেয় বিলের মধ্যবর্তী কোনও সময়ের বিল তলব করা হইয়াছে, তাহা দেখাইতে পারা যায় নাই বলিয়া নাকি তাঁহার টেলিসংযোগ কাটিয়া দেওয়া হইয়াছে। বিষয়টি টেলিফোন দপ্তরের গোচরে আনা হইলে, সংবাদে প্রকাশ যে, টেলিফোনের সিকিউরিটি জমার রসিদ যত্ন করিয়া রাখার মত প্রতি মাসের বিলও গ্রাহকদিগকে সযত্নে রাখিতে হইবে।

ইহার নির্গলিতার্থ এই যে, বিলের টাকা মিটাইয়া দিয়াও ফোনের গ্রাহকদের নিস্তার নাই। তাঁহাদিগকে সমস্ত টেলিফোনের বিল ও টাকা মিটাইবার রসিদ মাসের পর মাস এবং বছরের পর বছর সযত্নে রাখিতে হইবে। কোন্ সময় কোনও ভৌতিক প্রভাবে কোনও এক নির্দিষ্ট সময়ের টাকা মিটান হয় নাই বলিয়া নোটিশ আসিবে, তাহার ঠিক নাই। তখন সংশ্লিষ্ট গ্রাহককে বিল ও রসিদের স্তূপ ঘাঁটিয়া সমস্যার সমাধান করিতে হইবে অথবা পুনরায় টাকা জমা দিয়া 'আক্কেল সেলামি'-র কথা ভাবিতে হইবে। প্রকাশিত সংবাদ হইতে জানা যাইতেছে যে, কর্মীর সংখ্যা কম থাকায় বিলের কাগজপত্র ঠিকমত তৈয়ারী হয় না। আবার গ্রাহকেরা যে টাকা পোষ্ট-অফিসে জমা দেন, তাহাও ঠিকমত জেলাদপ্তরে নাকি পৌঁছায় না। এই সবের নাকি বার্ষিক অডিটও হয় না।

এতগুলি 'না'-এর পরিণামে ভোগান্তির একশেষ হইতেছে টেলিফোন গ্রাহকদের। কেমন করিয়া এই সব গ্রাহক-উলুখাগড়া রেহাই পাইবেন, তাহার পথ কে বলিবে, জানা নাই।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### বিদ্যালয়ের ৫০ বর্ষ পূর্ত্তি ব্যানারে বানানগত ত্রুটি প্রসঙ্গে

আপনার সাহিত্য সচেতন পত্রিকার মাধ্যমে রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ৫০ বর্ষ পূর্ত্তি উৎসবে প্রচার মাধ্যম হিসাবে নতুন ভবনের প্রবেশ দরজায় ও শহরের অন্যান্য স্থানে টাঙানো ব্যানারের দিকে বিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি নিক্ষেপ করার আবেদন রাখছি। বিষয়টি বানানগত। ফেব্রুয়ারী বানানটি লেখা হয়েছে ফেব্রুআরী —যা ভীষণ বিসদৃশ। বর্তমানে আনন্দবাজার পত্রিকা গাভাসকরকে 'গাওস্কর', গান্ধীকে 'গাঁধি', প্রিয়াঙ্কাকে 'প্রিয়ঙ্কা' ইত্যাদি পরিবর্তিত রূপ এনে যেমন বানান বিপ্লবের এক জাতীয় দৃষ্টান্ত স্থাপন করতে চাইছেন, এটি কি তারই প্রতিচ্ছবি ? নতুবা ধরে নিতে পারি কি এটি কর্তৃপক্ষের অজ্ঞতাজনিত ত্রুটি ? কোন ছাত্র পরীক্ষার খাতায় উল্লিখিত 'ফেব্রুআরী' বানানটি লিখলে নীচে লালকালির দাগ পড়বে না, এখন প্রতিশ্রুতি কি শিক্ষক মহোদয়েরা দেবেন ? আমি বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র। বিদ্যালয়ের শিক্ষাদীপের মঙ্গলালোকে আমি আলোকিত। তাই এই পঞ্চাশ বর্ষ পূর্ত্তি যেমন আমার আবেগের তন্ত্রীতে শিহরণ জাগিয়েছে তার চাইতে শতাধিক ব্যথা দিয়েছে হাজার হাজার ছাত্রদলের এই জ্ঞানমন্দিরে বিদ্যালয় কর্তৃপক্ষের বানানজনিত অবহেলার এমনতর নিন্দনীয় প্রতিচ্ছবি দেখে। একান্ত বিনীত অনুরোধ ব্যানারটি খুলে ফেলুন, যথার্থ বানান লিখুন— নইলে এমন টুকরো টুকরো অনেক অজানা দৃষ্টান্তই ছাত্রদলের কাছে তথা শহরবাসীর কাছে হাস্যাস্পদ হয়ে উঠবে যা পূর্ত্তি অনুষ্ঠানের গরিমাকেই কলঙ্কিত করবে। সর্বাগ্রে মনে রাখবেন এটি কোন ক্লাব, সংগঠন বা রাজনৈতিক দলের পূর্ত্তি অনুষ্ঠান নয়— একটি ঐতিহ্যপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠানের।

একজন প্রাক্তন ছাত্র
রঘুনাথগঞ্জ

## ২০০০ হোক বাঁচবার উপমা

**স্মরণ দত্ত**

শতাব্দী আজ অঙ্ক কষে
আসছে কবে শেষ প্রহর দিন
যোগ বিয়োগেও জীবনকালি
লাল কলমে চেতনাবিহীন নীল।

শতাব্দীতে উদয় যখন
চিত্তরথের কৃষ্টিবোধের মেলা
অস্তরাগে শিখল তখন
পরম অণু বোতাম টেপার খেলা।

বন্যা খরা ভূমিকম্পের শাপ
শতকত্রস্ত নিষ্ঠুরতার ঘাতে
শ্রেষ্ঠ মানব দানব কণ্ঠ
নারকীয়তার পঙ্কিল বুদ্‌বুদে।

শতকে এসেছে শতায়ুর কাল
একাল গোপে অবলার নিঃশ্বাস
বৃক্ষ ও নারী ছিন্ন পত্রজাল
বন্দুকে কাল করে নাকো বিশ্বাস।

এ শতকের অন্তিমকাল
মানববিহীন কোমলতাহীন মাটি
বিদায় বেলায় রক্তশূন্য বিদ্রোহ
প্রত্যাশাহীন অদৃশ্যপথেই হাঁটি।

২০০০ হও যুগান্ত অগ্নিবীজ
প্রকৃতি বাজাক লোকশিক্ষার বীণা
ধ্রুবতারাহীন নিকষ অন্তঃপুরে
নতুন দেখাক সৃষ্টির প্রেরণা।

### গণপ্রহারে সিঁধেল চোরের মৃত্যু

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ থানার ইমামনগর বিশ্বাসপাড়ার এলাহি সেখ ত্রিমোহিনী ব্যারেজপাড়ার আবদুল সায়েদের বাড়ীতে চুরি করতে গিয়ে ৩০ নভেম্বর রাতে হাতেনাতে ধরা পড়ে যায়। গ্রামবাসীদের প্রহারে ঘটনাস্থলে এলাহির মৃত্যু হয়।

শ্রী মুদ্রণীর নতুন পদক্ষেপ
**শ্রীবন্ধু পলি প্রিন্ট**
এখানে যাবতীয় বিড়ি, চানাচুর, গুল, পাউরুটি মশলা প্রভৃতির পলি লেবেল ও প্যাকেট গ্রাভিয়ার মেসিনে ছাপানো হয়
পোঃ জঙ্গীপুর (মহাবীর তলা)
জেলা মুর্শিদাবাদ
ফোন - ৬৪৬৪৭, এসটিডি - ০৩৪৮৩

এখানে বাংলা, ইংরাজী ও হিন্দিতে যে কোন রবার ষ্ট্যাম্প এক ঘণ্টার মধ্যে সরবরাহ করা হয়।
**বন্ধু কর্ণার**
অসিত বারিক
রঘুনাথগঞ্জ ফাঁসিতলা
ফোন নং—৬৭৫৫৫

**এবার ওয়ার্ডভিত্তি সংরক্ষণ** ( ১ম পৃষ্ঠার পর )

৬টি মহিলা (৩৩ শতাংশ) এবং ৩টি (১৫ শতাংশ) তপশীল জাতিদের জন্য সংরক্ষিত। জেলা শাসক কার্যালয় থেকে গত ১৭ ডিসেম্বর পুরসভার দফাওয়ারী যে তালিকা প্রকাশ হয় তা নিম্নরূপ। বিভিন্ন রাজনৈতিক দলের আপত্তির নিষ্পত্তি হওয়ার পর চূড়ান্ত তালিকা প্রকাশ হবে আগামী ১২ জানুয়ারী '২০০০। যদিও ইতিমধ্যেই বর্তমান বোর্ডের বামফ্রন্টের শরীক দলগুলি ও বিরোধী দল কংগ্রেস ও এস ইউ সি আই আসন সংরক্ষণ পদ্ধতিতে ক্ষোভ প্রকাশ করেছে।

| ওয়ার্ড নং | এখন যা আছে | এবার যা হ'ল |
|---|---|---|
| ১ | তাজেনুর বিবি (কং) মহিলা | সাধারণ |
| ২ | বদরুদ্দিন আহমেদ (সিপিএম) সাধারণ | মহিলা |
| ৩ | আলিম সেখ (কং) সাধারণ | সাধারণ |
| ৪ | রোশেনারা বেগম (সিপিএম) মহিলা | সাধারণ |
| ৫ | বীণাপাণি দাস (কং) মহিলা (তপঃ) | মহিলা সাধারণ |
| ৬ | আনিসুর রহমান (সিপিএম) সাধারণ | সাধারণ |
| ৭ | অচিন্ত্য দাস (সিপিএম) তপশীল | সাধারণ |
| ৮ | শীশ মহম্মদ (সিপিএম) সাধারণ | মহিলা |
| ৯ | জগদ্বন্ধু হালদার (সিপিএম) তপশীল | সাধারণ |
| ১০ | অজেদা বেগম (আরএসপি) মহিলা | সাধারণ |
| ১১ | ডালিম মির্জা (কং) সাধারণ | মহিলা |
| ১২ | মৃগাঙ্ক ভট্টাচার্য্য (সিপিএম) সাধারণ | সাধারণ |
| ১৩ | রোজি সুলতানা (কং) মহিলা | তপশীল |
| ১৪ | আবদুল হাকিম গজনবী (সিপিএম) সাধারণ | সাধারণ |
| ১৫ | পরমেশ পাণ্ডে (বামফ্রন্ট সমর্থিত নির্দল) সাধারণ | মহিলা তপশীল |
| ১৬ | সুদীপ্তা সাহা (সিপিআই) মহিলা | মহিলা |
| ১৭ | গৌতম রুদ্র (ফঃ ব্লক) সাধারণ | তপশীল |
| ১৮ | শত্রুঘ্ন সরকার (সিপিএম) সাধারণ | সাধারণ |
| ১৯ | অনুরাধা ব্যানার্জী (এসইউসিআই) মহিলা | সাধারণ |
| ২০ | মোজাম্মেল হক (কং) সাধারণ | মহিলা |

**বিধায়করা কেন্দ্রের দ্বারস্থ** ( ১ম পৃষ্ঠার পর )

কেন্দ্রীয় জলসম্পদ ও সেচ দপ্তরের মন্ত্রীকে দেওয়া দাবীপত্রে বলা হয়েছে কেসকার রিপোর্ট অনুসারে ফারাক্কা থেকে জঙ্গী পর্যন্ত ভাঙন প্রতিরোধ করা, সুতী থানার অধীন ২৪ বর্গ কিমি জলমগ্ন জমির মালিকদের ক্ষতিপূরণ ও পাগলা, বাঁশলই ও গুমানী নদীর জল নিয়ন্ত্রণের প্রকল্প তৈরী, ফিডার ক্যানেলের উপর ন'টি ব্রিজ এবং ফারাক্কা ব্যারেজের এ্যাফ্লেক্স বাঁধ সবধরনের গাড়ী চলাচলের জন্য উন্মুক্ত করা।

প্রসঙ্গতঃ উল্লেখ্য এলাকার উন্নয়নে এই ধরনের দাবী দীর্ঘদিন ধরেই এলাকার জনসাধারণ ও অনেক রাজনৈতিক দল করে এসেছেন। বিগত কেন্দ্রীয় সরকার এই দাবীগুলি পূরণে সদর্থক ভূমিকা না নেওয়ায় কার্যতঃ অবহেলার শিকার মহকুমাবাসী।


## বাড়ী ভাড়া

রঘুনাথগঞ্জ বালিঘাটায় (কাজিপাড়া) নূতন পাকাবাড়ী (৯৪০ বঃ ফুঃ) যার তিনটি কামরা ও সংলগ্ন উঠান, বিদ্যুৎ এবং টেলিফোনের সুবিধা, সম্পূর্ণ বা আংশিক ভাড়া দেওয়া হবে। সত্বর যোগাযোগ করুন।

কাজি হেলালউদ্দিন ( বালিঘাটা )

টেলিফোন স্থানীয় ৬৭৩৮৫ ( বেলা ১২ টার পর )

কলিকাতা এসটিডি ০৩৩-৫৫০০৪৮১

রাত্রি ৭টার পর



রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়

## সুবর্ণজয়ন্তী পূর্তি উৎসব

**৩রা–৫ই ফেব্রুয়ারী, ২০০০**

সমস্ত প্রাক্তন ছাত্র, শিক্ষক, অভিভাবক ও শুভানুধ্যায়ীবৃন্দকে অনুষ্ঠানে সক্রিয় অংশগ্রহণ, বিদ্যালয় সম্পর্কিত মূল্যবান তথ্যাদি এবং সৎ পরামর্শদান এবং ভবন নির্মাণে অর্থ সাহায্যের আহ্বান জানানো হচ্ছে।

আশিসকুমার ঘোষাল
সম্পাদক
রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

স্বপনকুমার দাস
প্রধান শিক্ষক
রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## সবার জন্য স্বাস্থ্য

## স্বাগত নতুন সহস্রাব্দ

নতুন হাসপাতাল ★ স্বাস্থ্যখাতে ব্যয় বৃদ্ধি ★ বিশুদ্ধ পানীয় জল ★ শিশু মৃত্যুর হার হ্রাস ★ বিনামূল্যে চিকিৎসা ★ রোগ-প্রতিষেধ কর্মসূচী ★ জনসংখ্যা বৃদ্ধি নিয়ন্ত্রণ ★ বস্তি উন্নয়ন ★ হাসপাতাল উন্নয়ন।

**পশ্চিমবঙ্গ সরকার**

২২ বছরে আমাদের সাফল্য সবার জন্য স্বাস্থ্য


**জঙ্গিপুর সিভিল জজ জুনিয়ার ডিভিসান দ্বিতীয় আদালত**

মোঃ ৪৭/৯৭ স্বত্ব

বাদী— পূর্ণচন্দ্র মণ্ডল বনাম বিবাদী— রাধেশ্যাম ঘোষ দিং

**বিজ্ঞপ্তি**

থানা সাগরদীঘির অধীন খাটুয়া মৌজার R/S ৭৪৮ নং খতিয়ান-ভুক্ত ৯৪২নং দাগের ০৬ শতক এবং ৯৪২/৪১৩৬ নং দাগের ০১ শতক সম্পত্তির R/S ম্যাপ-এর অঙ্কনলিপি ভিত্তিহীন ও L. R. Record এর লিপিবদ্ধ থাকা ভিত্তিহীন হওয়া গণ্যে ও বাদীপক্ষের উপর না হওয়া গণ্যে নালিশী সম্পত্তিতে বাদীপক্ষের স্বত্ব থাকা সাব্যস্তে চিরস্থায়ী নিষেধাজ্ঞার প্রার্থনায় খাটুয়া গ্রামবাসীগণ পক্ষের মাতব্বর ও স্বয়ং হিসাবে সাগরদীঘি থানার অধীন খাটুয়া গ্রামের মৃত কালীপদ মণ্ডলের পুত্র পূর্ণচন্দ্র মণ্ডল বাদী স্বরূপে ঐ গ্রামের ৺কালীপদ ঘোষের পুত্র রাধেশ্যাম ঘোষকে ১নং বিবাদী, মণিপদ ঘোষের পুত্র শিবশঙ্কর ঘোষকে ২নং বিবাদী, দ্বিজপদ মণ্ডলের পুত্র পুরঞ্জয় মণ্ডলকে ৩নং বিবাদী এবং Director of Land and Land Reforms W. B. Writers Building কে ৪নং বিবাদী শ্রেণীভুক্ত করতঃ জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালতে ১৯৯৭ সালের ৪৭নং স্বত্ব মোকর্দমা দায়ের করিয়াছেন। তাহাতে উক্ত গ্রামের যে কেহ আগামী ইং ২৫/১/২০০০ তারিখ অত্রাদালতে হাজির হইয়া বিবাদী শ্রেণীভুক্ত হইতে পারিবেন।

BY ORDER OF THE COURT
Narendra Nath Das
Sheristadar, Civil Judge (Junior Division)
2nd Court, Jangipur, Msd.

### পরিষেবা দেওয়া অসম্ভব ( ১ম পৃষ্ঠার পর )

পুরসভার সম্ভাব্য আয়-ব্যয়ের হিসাবে প্রায় ৬০ লক্ষ টাকা ঘাটতি পড়ে যাচ্ছে বলে মৃগাঙ্কবাবু হিসাব দেন। তাই মানুষের আর্থিক সঙ্গতি সম্পর্কে সম্পূর্ণ ওয়াকিবহাল হয়েই রিভিউ-এর মাধ্যমে কর নির্ধারণ করতে চান পুরপতি। তবে নাগরিকরা কর বাড়ানোর ব্যাপারে বিরোধিতা করলে তিনি তা প্রত্যাহার করে নিতেও সম্মত আছেন। পুরপতির বক্তব্যকে সমর্থন করে যাঁরা বক্তব্য রাখেন তার থেকে বিরোধী বক্তা বেশী থাকায় সভা মাঝে মাঝে গরম হয়ে ওঠে। শহরে পুরসভার অনেক কাজ হলেও ১৩০ বছরের পুরনো রাজ্য সরকারের গড় বুকে থাকা জঙ্গিপুর পুরসভাতে আজ পর্যন্ত একটি পরিকল্পিত ও বৈজ্ঞানিক সব্জী বাজার না থাকার ব্যাপারে অনেকে বক্তব্য রাখেন। সভায় বিরোধী পক্ষের কমিশনারদের কোন ভূমিকা না থাকায় অনেকেই বিস্ময় প্রকাশ করেন। বিজেপির চিত্ত মুখার্জী, অধ্যাপক কাশীনাথ ভকত, অরবিন্দ দত্ত, হরি তেওয়ারী, আইনজীবী মৃণাল ব্যানার্জী, দেবব্রত সাধু প্রমুখের প্রাসঙ্গিক বক্তব্য উপস্থিত পুরবাসীদের প্রশংসা পায়। প্রকাশ্যে নাগরিকদের বর্দ্ধিত কর তালিকা টাঙানো, রিভিউ-এ সর্বদলীয় কমিটি করা, কর নির্দ্ধারণে সঠিক পরিমাপে সন্দেহ ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। মৃণাল ব্যানার্জী বর্তমানের কর বৃদ্ধিকে সম্পূর্ণ অযৌক্তিক বলে মনে করেন। তাঁর মতে ৮৩ থেকে ৯৯ সাল পর্যন্ত কর না বাড়িয়ে পুরসভা যদি পরিষেবা দিতে পারে তাহলে বর্তমানে দশগুণ কর না বাড়িয়ে পুরপতি পরিষেবা বহাল রাখতে পারবেন না কেন? আরো জানা যায় বর্তমানে নগরপালিকা বিল অনুযায়ী পুর এলাকার আর কোন ঘরই করের আওতার বাইরে থাকছে না। পুর এলাকায় যাঁরা দোকান, বাড়ী-ঘর ভাড়া দিয়ে বিশাল ব্যবসা করছেন তাঁরা কোনমতেই কোন বিবেচনাধীনে আসছেন না বলে পুরপতি জানান। পূর্বের সাত হাজার হোল্ডিং নাম্বার বেড়ে বর্তমানে সাড়ে দশ হাজার হোল্ডিং হয়েছে কুড়িটি ওয়ার্ডে। এই সাড়ে তিন হাজার হোল্ডিং-এ এতদিন কোন করই আদায় হত না বলে পুর দপ্তর সূত্রে জানা যায়।

### দুটি অস্বাভাবিক মৃত্যু ( ১ম পৃষ্ঠার পর )

আমাদের প্রতিনিধি সকাল ৮-৩০ টায় ঘটনাস্থলে গিয়ে পোড়া খাটের উপর উপুড় অবস্থায় এক ঝলসানো মৃতদেহ পড়ে থাকতে দেখেন। তখনও ধোঁয়া উঠছিল। মৃতদেহ দেখে বোঝা যাচ্ছিল না পুরুষ কি মহিলা। পুলিশ সাধনবাবুর স্ত্রী আল্পনা ও তাঁর দুই ব্যবসায়িক বন্ধু দমদমের দেবাশিস বোস (খোকন) ও দুবরাজপুরের চন্দন লাহাকে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে যায় ও পরবর্তীতে তাঁদের ছেড়ে দেয়। অনুসন্ধানে জানা যায়, সাধন সিনহার বাড়ী সিউড়ীর বেনেপুকুর পাড়ায়। প্রায় দশ বছর আগে আহিরণে তাঁর বিয়ে হয়। বর্তমানে তাঁদের এক ছেলে ও এক মেয়ে। সাধনবাবু রঘুনাথগঞ্জ, জঙ্গিপুর ও পার্শ্ববর্তী এলাকার ইটভাটাগুলোতে বছর তিন/চার থেকে কয়লা সাপ্লাই করতেন। সাধন সিনহার প্রতিবেশীরা জানান—পাড়ার কারো সঙ্গেই তাদের মেলামেশা ছিল না। সাধন নেশাগ্রস্ত ছিলেন। প্রায়ই স্বামী-স্ত্রীর মধ্যে ঝগড়া, হাতাহাতি হতো। সাধনের দুই বন্ধু দেবাশিস ও চন্দন ২২ ডিসেম্বর সকালে সাধনের প্রতিবেশীদের জানান, ২১ ডিসেম্বর রাত ১০টা নাগাদ তারা সাধনের সন্ধানে এলে তাঁর স্ত্রী বলেন উনি নেশা করে আছেন। আপনারা কাল সকালে আসুন। এই প্রসঙ্গে আরও জানা যায়—সাধনবাবুর স্ত্রী পুলিশকে জানান ২২ ডিসেম্বর ভোর চারটে নাগাদ বাস ধরে তিনি বহরমপুর চলে যান ডাক্তার দেখাতে। তাঁর স্বামী ঘুমিয়ে থাকায় ঘরের দরজা ভেজানো ছিল। আরও জানা যায়, কয়েকদিন থেকেই ছেলে মেয়ে দুটিকেও বাড়ীতে দেখা যাচ্ছিল না। জঙ্গিপুর কোর্টের জনৈক আইনজীবী আমাদের প্রতিনিধিকে জানান, সকাল ৬-৩০টা নাগাদ তিনি ঘটনাস্থলে গিয়ে দেখেন ঘরের মধ্যে আধ পোড়া খাটের উপর ঝলসানো মৃতদেহে আগুন জ্বলছে। খাটের পাশে দুটি গ্যাস সিলিন্ডার ও একটি ওভেন রাখা আছে। এছাড়া ঘরের মধ্যে থাকা দু তিনটি আলমারির দরজা খোলা কোন জিনিস নেই। রঘুনাথগঞ্জ থানার ওসি দিলীপ হাজরা জানান—মৃত সাধন সিনহার বাড়ী সিউড়ীতে খবর পাঠালে তাঁর ভাই তপন সিনহা এখানে আসেন। দাদার মৃত্যুর ব্যাপারে কাউকে সন্দেহ না করায় আমি জিজ্ঞাসাবাদের পর সাধনবাবুর স্ত্রী, তাঁর দুই বন্ধুকে ছেড়েদি। প্রতিবেশীদের ধারণা মৃতের অবস্থান দেখে মনে হয় সাধনকে খুন করে খাটের উপর পোড়ানো হয়েছে। অস্বাভাবিক মৃত্যুর কোন কিনারা না হওয়ায় সকলেই বিস্মিত।

### কয়েদীর রহস্যজনক মৃত্যু ( ১ম পৃষ্ঠার পর )

কারণ হাসপাতালে নিয়ে আসার অনেক আগেই অশোকের মৃত্যু হয়েছে। মহকুমা হাসপাতাল থেকে পোস্টমর্টেমের জন্য মৃতদেহ বহরমপুরে পাঠিয়ে দেওয়া হয়েছে।

### দখল নিল ছাত্র পরিষদ জোট ( ১ম পৃষ্ঠার পর )

বিজেপির দুই প্রার্থী পরাজিত হয়। আগামী ২৩ ডিসেম্বর সংসদ গঠন করতে চলেছে ছাত্র পরিষদ। গত ১৮ ডিসেম্বর কড়া পুলিশ পাহারায় সকাল থেকে ভোট পর্ব শুরু হয় জঙ্গিপুর কলেজে। ছোটখাট দু একটা অশান্তি ছাড়া ভোট শান্তিতে শেষ হয়। বর্তমান বর্ষ কলেজের সুবর্ণজয়ন্তী বর্ষ হওয়ায় আগামী বছরের গোড়াতেই অনুষ্ঠিতব্য উৎসবগুলির দায়িত্ব ছাত্র পরিষদ পেয়ে স্বভাবতই তারা খুশি। সুবর্ণজয়ন্তী বর্ষে ছাত্রছাত্রীদের কাছ থেকে মাথাপিছু পঞ্চাশ টাকা চাঁদা আদায়ের নির্দেশের প্রতিবাদই ভোটের এই ফলাফল বলে ছাত্র পরিষদ মনে করে। উল্লেখ্য গতবার ভোটে ছাত্র পরিষদ ও এস এফ আই সমসংখ্যক আসন লাভ করলেও পরে প্রার্থী অপহরণের খেলায় কলেজের জি এস নির্বাচনে এস এফ আই ও ভি পি নির্বাচনে ছাত্র পরিষদ জয়লাভ করায় কলেজে প্রায়ই অশান্তি লেগে থাকত। ভি পিকে কলেজ সাব-কমিটি গঠনেও এস এফ আই বাধা দেয় বলে খবর।


সকলকে অভিনন্দন জানাই—

রঘুনাথগঞ্জ ব্লক নং-১

রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ

( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার )

রেজিঃ নং-২০ ✱ তারিখ—২১-২-৮০

গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ

ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিন্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

বিশেষ সরকারী ছাড় ১০%

✪ সততাই আমাদের মূলধন ✪

| জয়ন্ত বাগিড়া | ধনঞ্জয় কাদিয়া | অচিন্ত্য মলিয়া |
|---|---|---|
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |


দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ), পিন-৭৪২২২৫ হইতে স্বত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।